

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

নং- ৪৫.১৩৯.০৮৮.০০.০০.০০৩.২০১৮-৫৭

তারিখঃ ২৮-০১-২০২১খ্রিঃ


সভার নোটিশ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে কর ব্যতীত রাজস্ব (Non-Tax Revenue) ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব (Non- NBR Tax Revenue) আয়ের চলতি ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট, আগামী ২০২১-২২ অর্থ বছরের প্রাক্কলন ও পরবর্তী ০২ (দুই) বছরের জন্য প্রক্ষেপণ সংক্রান্ত আলোচনা সভা আগামী ০১-০২-২০২১ তারিখ সোমবার সকাল ১০.৩০ ঘটিকায় (Zoom Platform) এ অনুষ্ঠিত হবে। উক্ত Zoom Platform এর Meeting Id: 949 8442 8900: passcode: 123456

উক্ত সভায় উপযুক্ত প্রতিনিধি (বিষয় সম্পর্কে স্পষ্ট ধারণা সম্পন্ন)-কে সংশ্লিষ্ট তথ্যাদিসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এছাড়া, উক্ত সভায় রাজস্ব আয়ের বিষয়ে আলোচনা ও পর্যালোচনার সুবিধার্থে নিয়োক্ত তথ্য/প্রতিবেদন সভার নির্ধারিত তারিখের পূর্বে বিনা ব্যর্থতায় অর্থ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- ক. কর ব্যতীত রাজস্ব (Non-Tax Revenue) ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর (Non- NBR Tax Revenue) রাজস্ব আয়ের চলতি অর্থ বছরের (২০২০-২০২১) সংশোধিত রাজস্ব আয় প্রাক্কলন, আগামী ২০২১-২০২২ অর্থবছরের আয় প্রাক্কলন এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের প্রক্ষেপণ (প্রাক্কলনের ভিত্তি/যৌক্তিকতা উল্লেখপূর্বক);
- খ. চলতি অর্থ বছরে (২০২০-২০২১) বিভিন্ন কোডে রাজস্ব প্রাপ্তির হালনাগাদ (৩১.১২.২০২০ তারিখ পর্যন্ত প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ের সাথে মিলকৃত) হিসাব বিবরণী;
- গ. ২০২০ পঞ্জিকা বর্ষে যে সকল রাজস্ব আইটেমের হার পুননির্ধারণ করা হয়েছিল সেগুলো বাস্তবায়ন/ কার্যকর করার স্বপক্ষে জারীকৃত প্রজ্ঞাপনের কপি;
- ঘ. কোন আয়/রাজস্ব ভুল কোডে জমা হয়ে থাকলে তা সংশোধনের জন্য গৃহীত ব্যবস্থার স্বপক্ষে কাগজপত্র;
- ঙ. কোন ফি/চার্জ/ভাড়া বাবদ প্রাপ্ত অর্থ/চেক/ড্রাফট এখনও সরকারি কোষাগারে জমা না হয়ে থাকলে তা সংশ্লিষ্ট হিসাব কোডে দ্রুত জমা করে চালানোর কপি।


(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ- পরিচালক, অর্থ)।
- ২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, নার্সিং কলেজ একাডেমী, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। উপসচিব (প্রশাসন-২), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ, মহাখালী, ঢাকা।
- ৮। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং- ৪৫.১৩৯.০৮৮.০০.০০.০০৩.২০১৮-৫৭ (১/৭)

তারিখঃ ২৮-০১-২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ

- ১। উপসচিব (নিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের সড়ায় উপস্থিতির জন্য সচিবালয়ে প্রবেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
- ২। উপসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৩। উপসচিব (নন-ট্যাক্স রেভিনিউ অধিশাখা-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, গেইট-১/২, বাংলাদেশ সচিবালয়।
- ৭। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


26.01.2021
(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব